

# দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘সহকারী শিক্ষক’ পদ বিলুপ্ত, নামকরণে আধুনিকায়ন

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২৩:৫৫, ১৫ জুলাই ২০২৫; আপডেট: ২৩:৫৮, ১৫ জুলাই ২০২৫



×

প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় এক নতুন পদক্ষেপ নিয়েছে সরকার। দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘সহকারী শিক্ষক’ পদটি বিলুপ্ত করা হচ্ছে এবং এটি এখন থেকে

শুধু ‘শিক্ষক’ নামে পরিচিত হবে। এছাড়া, মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তাদের দায়িত্ব ও গুরুত্ব বিবেচনায় আরও চারটি পদের নাম সহজীকরণ ও আধুনিকীকরণ করা হয়েছে।

রোববার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব মো. শামছুল আরিফ স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এ তথ্য প্রকাশ করা হয়। চলতি বছরের মে মাসে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সমন্বয় সভায় উত্থাপিত সুপারিশের ভিত্তিতেই এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নতুন প্রজ্ঞাপনে বলা হয়েছে, দেশের ৩ লাখ ৬২ হাজার ৪১৮টি ‘সহকারী শিক্ষক’ পদ এখন থেকে শুধু ‘শিক্ষক’ হিসেবে গণ্য হবে। এ ছাড়াও সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পদের নাম হবে ‘অতিরিক্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার’, অর্থ কর্মকর্তা পদের নাম হবে ‘হিসাবরক্ষণ কর্মকর্তা’, সহকারী মনিটরিং অফিসার পদের নাম হবে ‘প্রশাসনিক কর্মকর্তা’ এবং পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক পদের নাম হবে ‘সহকারী ইনস্ট্রাক্টর (পরীক্ষণ বিদ্যালয়)’।

এই নতুন নামকরণ দেশের মোট ৩৩৫টি পরীক্ষণ বিদ্যালয় ও সংশ্লিষ্ট দপ্তরের জন্য প্রযোজ্য হবে, যা প্রাথমিক শিক্ষার আধুনিকীকরণে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।